CENTRAL LIBRARY N.C.COLLEGE



**TDC (CBCS) Even Semester Exam., 2023**

# BENGALI

**( 2nd Semester )**

Course No. : BNGDSC/GE–201T

**[ বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) ]**

*পূর্ণমান* : ৭০

উত্তীর্ণমান : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো **কুড়িটি** প্রশ্নের উত্তর দাও : ১×২০=২০

১। শ্রীরামপুর মিশন কত খ্রিস্টাব্দে স্থাপিত হয়েছে?

২। ফোর্ট উইলিয়াম কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ কে ছিলেন?

৩। রাজা রামমোহন রায় রচিত ব্যাকরণ গ্রন্থটির নাম কী?

৪। ‘বর্ণপরিচয়’ গ্রন্থটির রচয়িতা কে?

৫। ফোর্ট উইলিয়াম কলেজের বাংলা বিভাগের প্রতিষ্ঠিত প্রধানের নাম কী ছিল?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৬। ঈশ্বরগুপ্ত সম্পাদিত পত্রিকাটির নাম কী?

৭। 'বনলতা সেন' কাব্যের রচয়িতা কে?

৮। 'যুগসন্ধির কবি' কাকে বলা হয়?

৯। 'গীতাঞ্জলি' কাব্যের জন্য কোন্ কবি নোবেল পুরস্কার পেয়েছেন?

১০। 'বীরাঙ্গনা' কাব্যটির রচয়িতা কে?

১১। বাংলা সাহিত্যের প্রথম সার্থক ট্র্যাজেডি নাটকটির নাম কী?

১২। দীনবন্ধু মিত্রের একটি প্রহসনের নাম লেখো।

১৩। 'জনা' নাটকটির রচয়িতা কে?

১৪। ন্যাশনাল থিয়েটার কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়েছে?

১৫। 'মেবার পতন' নাটকটির রচয়িতা কে?

১৬। বাংলা উপন্যাস সাহিত্যের প্রথম সার্থক উপন্যাসটির নাম কী?

১৭। শরৎচন্দ্রের ছদ্মনাম কী?

১৮। বিভূতিভূষণের প্রথম উপন্যাসটির নাম কী?

১৯। 'শেষের কবিতা' উপন্যাসটির রচয়িতার নাম কী?

২০। শরৎচন্দ্রের কোন্ উপন্যাসটি চলচ্চিত্রে প্রকাশিত হয়েছে?

২১। 'সরীসৃপ' গল্পটি কার লেখা?





২২। রাজশেখর বসুর ছদ্মনাম কী?

২৩। রবীন্দ্রনাথ ঠাকুরের ছোট-গল্পগ্রন্থ কয়টি খণ্ডে বিভক্ত?

২৪। বাংলা ছোটগল্পের জনক কে?

২৫। তারাশঙ্করের একটি অন্যতম ছোটগল্পের নাম লেখো।

## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

২৬। ফোর্ট উইলিয়াম কলেজের সঙ্গে যুক্ত দুজন বাঙালি লেখকের নাম লেখো।

২৭। 'বত্রিশ সিংহাসন' ও 'রাজাবলি' গ্রন্থ দুটির রচয়িতা কে কে?

২৮। 'রূপসী বাংলা' কাব্যটি কার লেখা? কাব্যটি কত খ্রিস্টাব্দে প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়েছে?

২৯। বাংলা সাহিত্যে সার্থক মৌলিক মহাকাব্যটির নাম কী? মহাকাব্যটির রচয়িতার নাম কী?

৩০। মধুসূদন দত্তের লেখা দুটি প্রহসনের নাম লেখো।

৩১। 'নীলদর্পণ' নাটকটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছে? নাটকটির ইংরাজি অনুবাদটির নাম কী?

৩২। বঙ্কিমচন্দ্রের দুটি সামাজিক উপন্যাসের নাম লেখো।

৩৩। 'গোরা' ও 'গৃহদাহ' উপন্যাস দুটির রচয়িতার নাম লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩৪। রবীন্দ্রনাথ তাঁর কোন্ কাব্যের কোন্ কবিতায় বাংলা ছোটগল্পের সংজ্ঞা উল্লেখ করেছেন?

৩৫। পরশুরামের দুটি গল্পের নাম উল্লেখ করো।

## SECTION—C

যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৩৬। বাংলা গদ্যসাহিত্য চর্চায় ফোর্ট উইলিয়াম কলেজের অবদান আলোচনা করো।

৩৭। "বাংলা গদ্যসাহিত্যের জনক বিদ্যাসাগর।" মন্তব্যটির যথার্থতা উল্লেখ করো।

৩৮। "বিহারীলাল বাংলা গীতিকবিতার ভোরের পাখি।" রবীন্দ্রনাথ কথিত এই মন্তব্যের সার্থকতা উল্লেখ করো।

৩৯। আধুনিক বাংলা কবিতায় জীবনানন্দ দাশের কৃতিত্ব বিশদ করো।

৪০। বাংলা নাট্যধারায় মধুসূদন দত্তের অবদান আলোচনা করো।

৪১। ঐতিহাসিক নাটকে দ্বিজেন্দ্রলাল রায়ের অবদান উল্লেখ করো।

৪২। বাংলা উপন্যাসের ধারায় বঙ্কিমচন্দ্রের অবদান বিশদ করো।

৪৩। বাংলা কথাসাহিত্যের ধারায় শরৎচন্দ্রের অবদান বিশদ করো।

৪৪। বাংলা ছোটগল্পের ধারায় রবীন্দ্রনাথের অবদান আলোচনা করো।

৪৫। বাংলা ছোটগল্পের ধারায় তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের অবদান আলোচনা করো।

★★★